মেহেরপুরে পৃথক দুই মামলায় ৩ আসামির জেল-জরিমানা

মেহেরপুরে পৃথক দুই মামলায় মোঃ আলামিনকে ৮ বছরের কারাদণ্ড ও ১০ হাজার টাকা অর্থদণ্ড একই মামলায় মোঃ আবু সাঈদ কাননকে ৩ বছরের কারাদণ্ড ও ৫ হাজার টাকা অর্থদণ্ড এবং খোরসেদ আলী ওরফে সাগরকে ২ বছরের কারাদণ্ড ও ১০ হাজার টাকা অর্থদণ্ড দিয়েছে আদালত।

আজ মঙ্গলবার দুপুরে মেহেরপুর চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট মোঃ শাজাহান আলী এ আদেশ দেন।

আদালত সূত্রে জানা যায়, জি.আর-২০৫/১৯ (মেহেরপুর) মামলায় আসামী মোঃ আলামিনের বিরুদ্ধে দণ্ডবিধির ৩৮০ ও ৪৫৭ ধারায় আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় তাকে মোট ৮ বছরের কারাদণ্ড ও ১০ হাজার টাকা অর্থদণ্ড অনাদায়ে ৪৫ দিনের কারাদণ্ড দেওয়া হয়েছে। একই মামলায় অপর আসামী মোঃ আবু সাঈদ কানন এর বিরুদ্ধে দণ্ডবিধির ৪১১ ধারায় আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় তাকে ৩ বছরের কারাদণ্ড ও ৫ হাজার টাকা অর্থদণ্ড অনাদায়ে ১৫ দিনের কারাদণ্ড দেওয়া হয়েছে।

এদিকে, জি.আর-৩২৬/১৮ (মেহেরপুর) মামলায় আসামী মোঃ খোরসেদ আলী ওরফে সাগরের বিরুদ্ধে দণ্ডবিধির ৩৭৯ ধারায় আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় তাকে ২ বছরের কারাদণ্ড ও ১০ হাজার টাকা অর্থদণ্ড অনাদায়ে ৩০ দিনের কারাদণ্ড প্রদান করা হয়েছে।

মামলার বিবরণে জানা যায়, আসামীরা মেহেরপুর সদর উপজেলার বিভিন্ন এলাকায় চুরি ও ছিনতাইয়ের সঙ্গে জড়িত ছিলো।

মামলার তদন্তকারী কর্মকর্তারা আদালতে অভিযোগপত্র দাখিল করেন। নথি ও সাক্ষ্য পর্যালোচনা শেষে আদালত এ রায় দেন।
রায় ঘোষণার পর আসামিদের কারাগারে পাঠানো হয়েছে।

মুজিবনগরে নানা আয়োজনে জাতীয় কন্যাশিশু দিবস পালন

“আমি কন্যাশিশু-স্বপ্ন গড়ি, সাহসে লড়ি, দেশের কল্যাণে কাজ করি” এই প্রতিপাদ্যে মুজিবনগরে নানা আয়োজনে পালিত হয়েছে জাতীয় কন্যাশিশু দিবস।

মঙ্গলবার সকাল ১১টার সময় গুডনেইবার্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি বল্লভপুর প্রজেক্ট অফিস প্রাঙ্গণে জারীগান, কন্যাশিশুদের নিয়ে সংগীত, বাল্যবিবাহের কুফল সম্পর্কিত নাটক, নৃত্য ও আলোচনা সভার মধ্য দিয়ে পালিত হয়েছে জাতীয় কন্যাশিশু দিবস।

গুডনেইবার্স বাংলাদেশ মেহেরপুর সিডিপির এবারের কন্যাশিশু দিবস পালনের উদ্দেশ্য ছিল কন্যাশিশুদের অধিকার, ক্ষমতায়ন এবং সুরক্ষা সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা, বাল্যবিবাহ, বৈষম্য এবং কন্যাশিশুদের প্রতি সহিংসতা বন্ধের পক্ষে জনমত তৈরি করা, শিশু অধিকার এবং ন্যায়বিচার প্রচারের জন্য গুডনেইবার্স বাংলাদেশের প্রতিশ্রুতি জোরদার করা।

পরে কন্যাশিশু দিবস পালন উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। গুডনেইবার্স মেহেরপুর সিডিপির সিডিসি সভাপতি জহিরুল ইসলামের সভাপতিত্বে ও সহকারী অফিসার (প্রোগ্রাম) আন্তন ফলিয়ার সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সেলিম রেজা।

উপস্থিত ছিলেন গুডনেইবার্স মেহেরপুর সিডিপি ম্যানেজার বিপুল রেমা, সিডিসি সদস্য এস. কীর্তনীয়া সহ সরকারি প্রতিনিধি, এনজিও, স্কুল এবং বিভিন্ন সম্প্রদায়ের প্রতিনিধি।

এছাড়াও উপস্থিত ছিলেন মেয়ে শিশু, শিক্ষার্থী, শিক্ষক, অভিভাবক, স্বেচ্ছাসেবক, শিশু অধিকার কমিটি, সম্প্রদায়ের নেতা, স্থানীয় সরকার প্রতিনিধি, সমমনা এনজিও, উন্নয়ন কর্মী এবং জিএনবি/এনজিসিএএফ প্রতিনিধি।

এই অনুষ্ঠানটি সিডিপি চাইল্ড কাউন্সিল, প্রকৃতি ও শান্তি ক্লাবের সদস্য এবং স্বেচ্ছাসেবকদের নেতৃত্বে পরিচালিত হয়।

গাংনীতে বাশবাগান থেকে সদ্য ভুমিষ্ট নবজাতক উদ্ধার

মেহেরপুরর গাংনী উপজেলার মটমুড়া গ্রামের একটি বাশবাগান থেকে সদ্য ভুমিস্ট এক নবজাতককে উদ্ধার করেছে স্থানীয়রা।

আজ মঙ্গলবার দুপুরে নবজাতকটির কান্নার আওয়াজ শূনতে পেয়ে স্থানীয়রা তাকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে আসেন এবং চিকিৎসা করান। তবে ওই নবজাতকের পরিচয় মেলেনি।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আরএমও ডাক্তার মাসুদুর রহমান জানান, আজ দুপুরে একটি নবজাতক শিশুকে নিয়ে আসেন মটমুড়া গ্রামের লোকজন। আমরা তাকে প্রাথমিক চিকিৎসা দিয়েছি। শিশূটির স্বাশকস্ট দেখাদিলে তাকে উন্নত চিকিৎসার জন্য মেহেরপুর ২৫০ শয্যা হাসপাতালে রেফার্ড করেছি। নবজাতকটি কন্যা শিশু বলে জানিয়েছেন চিকিৎসক।

গাংনী থানার ওসি বানী ইসরাইল জানান, নবজাতক উদ্ধারের বিষয়টি শূনেছি, তবে ওই নবজাতকের পরিচয় জানার চেস্টা করা হচ্ছে। বর্তমানে উদ্ধারকৃত নবজাতকটি চিকিৎসাধীন রয়েছে।

গাংনীতে বিসিআইসি সার ডিলারের বিরুদ্ধে নানা অভিযোগ

মেহেরপুর গাংনী উপজেলার ধানখোলা ইউনিয়নের বিসিআইসি ডিলার এনামুল হকের বিরুদ্ধে সরকারি বরাদ্দকৃত সার অতিরিক্ত দামে বিক্রী ও ক্রেতাদের সাথে অসাদাচারণসহ নানা অভিযোগ উঠেছে।

‎ভুক্তভোগী কৃষকরা অভিযোগ করেন, বিসিআইসি ডিলার এনামুল হক প্রকৃত কৃষকদের মাঝে সার না দিয়ে স্থানীয় খুচরা সার ব্যবসায়ীদের

হবে। এছাড়াও উপসহকারী কর্মকর্তাদের পরামর্শ দেওয়া হচ্ছে, প্রকৃত কৃষকদের মাঝে সার বিক্রয় করার জন্য।

মেহেরপুরে ফৌজদারি মামলায় দুই আসামির জেল-জরিমানা

মেহেরপুরে ফৌজদারি মামলায় মোঃ সাবেদ আলীকে ২ বছর এবং মোছাঃ জরিনাকে ১ বছর সশ্রম কারাদণ্ড ও ৫ হাজার টাকা অর্থদণ্ড দিয়েছেন আদালত। অনাদায়ে আরও ১৫ দিনের কারাদণ্ড ভোগ করতে হবে।

আজ সোমবার দুপুরে মেহেরপুর চৃীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট মোঃ শাজাহান আলী এ আদেশ দেন।

আদালত সূত্রে জানা যায়, ২০১৮ সালের ২৬ মার্চ সকাল ৯টার দিকে বাদীর বসতবাড়িতে প্রবেশ করে বাদীর শ্বশুর মহিরুদ্দিন ও স্ত্রী রঙ্গিলা খাতুনকে গালাগালি করা হয়। প্রতিবাদ করলে আসামিরা তাদের এলোপাথাড়ি মারপিট করে। একপর্যায়ে ১নং আসামি ধারালো রামদা দিয়ে বাদীর শ্বশুরের মাথায় কোপ মেরে রক্তাক্ত জখম করে। ২নং আসামি হাসুয়া দিয়ে মাথায় কোপ মারতে গেলে শ্বশুর তা বাম হাতে ঠেকান এবং তার হাতে রক্তাক্ত জখম হয়।

বাদীর স্ত্রী রঙ্গিলা খাতুন পিতাকে রক্ষা করতে এগিয়ে গেলে ৩নং আসামি ধারালো হাসুয়া দিয়ে পেটে কোপ মারতে গেলে তা তার বাম পায়ের উরুতে লাগে এবং রক্তাক্ত জখম হয়। এরপর ৫নং আসামি লোহার রড দিয়ে মাথায় আঘাত করতে গেলে স্ত্রী হাত দিয়ে ঠেকালে তার হাতে জখম হয়। পাশাপাশি ৪নং আসামি বাঁশের লাঠি দিয়ে তাকে পিটিয়ে ফোলা- কালশিটে জখম করে।


আসামি সাবেদ আলী ও তার স্ত্রী জরিনা খাতুনের বিরুদ্ধে গাংনী থানায় এফআইআর নং ১৪, তাং ১৭/১০/২০১০, ধারা ৩২৬/৩০৭/৫০৬(২)/৩৪ পেনাল কোডে মামলা চলমান রয়েছে।

মামলার তদন্তকারী কর্মকর্তারা আদালতে অভিযোগপত্র দাখিল করেন।

[illegible]

[illegible]

[illegible]


সূর্য ক্লাব,মেহেরপুর।
20h
প্রিয় মেহেরপুরবাসী,
সূর্য ক্লাব উদ্বোধন উপলক্ষে যেই কনসার্ট হওয়ার কথা ছিলো উক্ত কনসার্টের টিকিট সেল সহ সকল কার্যক্রম প্রশাসনের অনুমতি পাওয়ায় বিলম্ব হওয়ার কারণে ২৫শে সেপ্টেম্বর থেকে স্থগিত করে রাখা হয়েছে।
আমাদের টিকিট সেল কার্যক্রম চলেছে ৩ দিন মাত্র এই ৩ দিনে মাত্র কিছু সংখ্যাক টিকিট সেল হয়েছে। যারা টিকিট ক্রয় করেছে সকলের নাম ও ফোন নাম্বার আমাদের নিকট এন্ট্রি করা আছে। টিকিট রিফান্ডের ব্যাপারটি সিদ্ধান্ত অনুযায়ী জানিয়ে দেওয়া হবে এবং আমাদের রিফান্ড কার্যক্রম সাংবাদিকদের সামনে ক্যামেরা অন রেখে করা হবে।
যেহেতু প্রশাসনের অনুমতির বিলম্ব হওয়ার কারণে ২৫শে সেপ্টেম্বর থেকে প্রোগ্রামের সকল কার্যক্রম স্থগিত রয়েছে। সেহেতু প্রোগ্রামের কোনো টিকিট সেল হচ্ছে না। কোনো প্রতারক চক্রের মাধ্যমে টিকিট নিয়ে প্রতারণার শিকার হবেন না।

[illegible]

[illegible]

[illegible]

মুজিবনগরে উপজেলা পর্যায়ে ওয়ার্ড মাস্টার প্রতিযোগিতা

“শব্দ শিখুন, ভাষা শিখুন” শব্দভান্ডারে দক্ষতা মানুষের যোগাযোগ এবং সামাজিক দক্ষতা উন্নত করে। মেহেরপুরের মুজিবনগরে উপজেলা পর্যায়ে ইংরেজি ইন্টার-স্কুল ওয়ার্ড মাস্টার প্রতিযোগিতা ২০২৫ অনুষ্ঠিত হয়েছে।

গুডনেইবার্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি’র আয়োজনে সোমবার সকাল ১০টায় মুজিবনগর মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্সের পর্যটন মোটেলের হল রুমে এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

প্রতিযোগিতায় উপজেলার ১৫টি মাধ্যমিক বিদ্যালয়ের ৭৫ জন শিক্ষার্থী অংশগ্রহণ করে। ওয়ার্ড মাস্টার প্রতিযোগিতার প্রাথমিক ধাপ বিদ্যালয় পর্যায়ে অনুষ্ঠিত হয়। প্রাথমিক পর্যায়ে বাছাইকৃত মেধাবী শিক্ষার্থীদের নিয়ে উপজেলা পর্যায়ে এই প্রতিযোগিতা আয়োজন করা হয়।

১ ঘণ্টা সময়ব্যাপী প্রতিযোগীরা ইংরেজি বিষয়ে ৬০ নম্বরের প্রশ্নের উত্তর লেখে। পরীক্ষা শেষে খাতা মূল্যায়নের পর ৫ জন বিজয়ী শিক্ষার্থীকে উপজেলা পর্যায়ে ইংরেজি বিষয়ে ওয়ার্ড মাস্টার ঘোষণা করা হয়।

প্রতিযোগিতা শেষে বিজয়ীদের মাঝে পুরস্কার ও সম্মাননা প্রদান করা হয়।

পুরস্কার ও সম্মাননা প্রদান অনুষ্ঠানে গুডনেইবার্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি’র সিডিপি সভাপতি ও গোপালনগর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক জহিরুল ইসলামের সভাপতিত্বে এবং সহকারী অফিসার (প্রোগ্রাম) আন্তন ফলিয়ার সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার পলাশ মণ্ডল।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মামুন উদ্দীন আল আজাদ, উপজেলা একাডেমিক সুপারভাইজার হাসনাইন জাহিদ, গুডনেইবার্স মেহেরপুর সিডিপি’র প্রজেক্ট ম্যানেজার বিপুল রেমা, মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি ওমর ফারুক প্রিন্স এবং আম্রকানন মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি সিরাজুল ইসলাম।

এছাড়াও অংশগ্রহণকারী ১৫টি বিদ্যালয়ের ১৫ জন ইংরেজি শিক্ষকসহ গুডনেইবার্স মেহেরপুর সিডিপি’র কর্মকর্তা ও স্বেচ্ছাসেবীবৃন্দ উপস্থিত ছিলেন।

মুজিবনগর উপজেলা পর্যায়ে ইংরেজি ওয়ার্ড মাস্টার প্রতিযোগিতা ২০২৫ এ ১ম স্থান অর্জন করেছে দারিয়াপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের নাফিজা আক্তার, ২য় স্থান মুজিবনগর সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের সাফিয়া তাসনিম, ৩য় স্থান দারিয়াপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের ওয়াহিদা ফারজানা, ৪র্থ স্থান মুজিবনগর সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের সামিয়া আক্তার এবং ৫ম স্থান গোপালনগর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের ফাহমিদা ফেরদৌসি রশ্মি।

উপজেলা পর্যায়ে নির্বাচিত এই ৫ জন শিক্ষার্থী গুডনেইবার্স আয়োজিত জাতীয় পর্যায়ের ওয়ার্ড মাস্টার প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে।

মুজিবনগরের কোমরপুর পুলিশ ক্যাম্প পরিদর্শন করলেন পুলিশ সুপার

মেহেরপুরের মুজিবনগর থানাধীন কোমরপুর পুলিশ ক্যাম্পের বার্ষিক পরিদর্শন করেছেন পুলিশ সুপার মোহাম্মদ মনজুর আহমেদ সিদ্দিকী।

পরিদর্শনকালে তিনি ক্যাম্পে কর্মরত অফিসার ও ফোর্সদের সঙ্গে মতবিনিময় করেন এবং ক্যাম্প এলাকার আইন-শৃঙ্খলা পরিস্থিতি

স্বাভাবিক রাখতে প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করেন।

এ সময় পুলিশ সুপার মাদক, অস্ত্র, চোরাচালান উদ্ধার এবং বিভিন্ন মামলার ওয়ারেন্ট তামিলের লক্ষ্যে নিয়মিত পুলিশ অভিযান ও চেকপোস্ট পরিচালনার নির্দেশনা দেন।

ষষ্ঠী পূজার মধ্য দিয়ে মেহেরপুরে শারদীয় দুর্গোৎসবের যাত্রা শুরু

মেহেরপুরে যথাযোগ্য ধর্মীয় মর্যাদা ও উৎসবমুখর পরিবেশে শ্রী শ্রী শারদীয় দুর্গোৎসবের যাত্রা শুরু হয়েছে।

গতকাল রবিবার সন্ধ্যায় বাংলাদেশ পূজা উদযাপন পরিষদ মেহেরপুর জেলা শাখার আয়োজনে শারদীয় দুর্গোৎসবের উদ্ধোধন করা হয়।

শ্রী শ্রী সিদ্ধেশ্বরী কালীমন্দির সভাপতি শ্রী রবীন্দ্রনাথ ভট্টাচার্যের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালাম।

বাংলাদেশ পূজা উদযাপন পরিষদ মেহেরপুর জেলা শাখার সদস্য সচিব ড. অশোক চন্দ্র বিশ্বাসের সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, পুলিশ সুপার মোঃ মনজুর আহমেদ সিদ্দিকী এবং সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা খায়রুল ইসলাম।

এছাড়া আলোচক হিসেবে বক্তব্য দেন, বাংলাদেশ হিন্দু বৌদ্ধ খ্রিস্টান ঐক্য পরিষদ মেহেরপুর জেলা শাখার আহ্বায়ক মাধব চন্দ্র ভাস্কর, শ্রী শ্রী সিদ্ধেশ্বরী কালীমন্দিরের কোষাধ্যক্ষ শেখর দে ও সাধারণ সম্পাদক শ্রী সুভাষ রায়।

[redacted]

[redacted]